

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক পরিচালকের কার্যালয়  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

web: [www.rdotekhulna.gov.bd](http://www.rdotekhulna.gov.bd)  
Email: [rdokhulna@gmail.com](mailto:rdokhulna@gmail.com)

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- আঞ্চঃপরিঃ/খুঃবিঃ/ ১৪৬৯

তারিখ : ১৭/১০/২০১৯ খ্রিঃ

প্রাপক,  
প্রধান শিক্ষক,  
ডুমুরিয়া এন জি সি এন্ড এন সি কে বিদ্যালয়,  
ডুমুরিয়া, খুলনা।

বিষয় : পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা হতে আপনার প্রতিষ্ঠান পরিদর্শনে গিয়ে নিম্নলিখিত অসংগতি পরিলক্ষিত হয়।

- ১। যন্ত্রপাতি, হ্যান্ডটুলস ও ওয়ার্কশপের অবস্থাদৃষ্টে মনে হয় প্রকৃতপক্ষে কোন ব্যবহারিক ক্লাশ করানো হয় না।
  - ২। ড্রিল মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
  - ৩। হ্যান্ড টুলস অযত্নে রাখার জন্য নষ্ট হয়েছে।
  - ৪। লেদ মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
  - ৫। শেফার মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
  - ৬। বেঞ্চ ড্রিল মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
  - ৭। ওয়েল্ডিং মেশিনে ধুলার আস্তরন পড়ে আছে এবং মেশিন নষ্ট হয়ে গেছে।
  - ৮। বিস্টিং ট্রেডের সকল যন্ত্রপাতি ও হ্যান্ডটুলস অযত্ন অবহেলার কারণে নষ্ট হয়ে যাচ্ছে।
  - ৯। দীর্ঘদিন যাবত ওয়ার্কশপ ব্যবহার করা হয়না।
  - ১০। ইলেকট্রিক্যাল ট্রেডের যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছেনা।
  - ১১। ওয়ার্কশপের ভিতরের ময়লা আবর্জনা জমে আছে।
  - ১২। ওয়ার্কশপের ভিতর যত্রতত্র মালামাল ফেলে রাখা হয়েছে।
  - ১৩। ক্যাশবই হালনাগাদ নেই।
  - ১৪। শিক্ষার্থী ভর্তির হার কম।
  - ১৫। ইয়ার প্লান নেই।
  - ১৬। ক্লাশ টেস্ট ও কুইজ টেস্ট আংশিক নেওয়া হয় তবে খাতা মূল্যায়ণ করা হয়না।
  - ১৭। অগ্রগতি কার্ড নেই।
  - ১৮। বেতন রেজিস্টারে স্বাক্ষর ও রেভিনিউ লাগানো নেই।
  - ১৯। ক্লাশ রুটিনে কোন ব্যবহারিক ক্লাশ রাখা হয়নি।
  - ২০। ব্যবহারিক ক্লাশের প্রতি শিক্ষকরা আন্তরিক নয়।
  - ২১। সংশ্লিষ্টদের উদাসিনতার জন্য সরকার প্রদত্ত লক্ষ লক্ষ টাকার মালামাল ও যন্ত্রপাতি নষ্ট হয়েছে।
  - ২২। প্রতিষ্ঠানে নাম মাত্র ভোকেশনাল কোর্স চলে, ভোকেশনালের কোন কার্যক্রম নেই।
  - ২৩। শিক্ষার্থী হাজিরা খাতায় নাম লেখা হয়না।।
  - ২৪। সংশ্লিষ্টদের এহেন উদাসিনতার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২১ বাস্তবায়নে অন্তরায় সৃষ্টি হয়েছে।
- এমতাবস্থায় উল্লেখিত অসংগতিসমূহ আগামী ৩০/১০/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে দূর করে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রঃ-

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর,  
তারিখ : ১৭/১০/২০১৯ খ্রিঃ

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৪৬৯ (১)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (পিআইডরিউ /ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। উপ-পরিচালক (মাউশি), খুলনা অঞ্চল।
- ৩। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), ঝিনাইদহ।
- ৫। সভাপতি, ম্যানেজিং কমিটি, ডুমুরিয়া এন জি সি এন্ড এন সি কে মাধ্যমিক বিদ্যালয়।
- ৬। সংরক্ষণ নথি।



(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর,  
খুলনা বিভাগ, খুলনা-৯০০০